গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

# বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মার্চ'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২৪ মার্চ'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত ফেব্রুয়ারী'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় ফেব্রুয়ারী'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলার জন্য Mobile Veterinary Clinic পাওয়া গেছে। শীঘ্রই সেবা নিশ্চিত করা সম্ভব হবে মর্মে জানান। গবাদি পশুকে চিকিৎসা প্রদান ৯২০ টি, হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৪৯১৩ টি চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। গবাদি পশুকে টিকা প্রদান ১৬২০ টি, হাঁস-মুরগী টিকা প্রদান ৭০০০ টি। কৃত্রিম প্রজনন করা হয়েছে ১০০ টি। | গবাদি পশু পালন খামারীদের নিয়মিত পরামর্শ ও তদারকি নিশ্চিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান বোরো ধানের রোগ বালাই, পোকার বিষয়ে এসএওগণ মাঠ পর্যায়ে পরামর্শ দিচ্ছেন। বস্তায় আদা চাষ বিষয়ে কার্যক্রম চলমান। অনাবাদি জায়গায় সবজি চাষের বিষয়ে পরামর্শ ও সহযোগিতা দেয়া হচ্ছে। নতুন ফসল হিসেবে মিষ্টি ভুট্টার চাষ শুরু হয়েছে। বর্তমানে সারের কোন ঘাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-২



CamScanner

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। উপজেলা পরিষদের নতুন ডরমেটরী ভবন নির্মাণের জন্য অনুমোদন পাওয়া গেছে। <br> উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন মেরামত, সংস্কার ও রংকরণ এর কাজ করা প্রয়োজন। উক্ত কাজ বাস্তবায়নের লক্ষ্যে =৯,০৬,৬৮৯/- (নয়লক্ষ ছয়হাজার ছয়শত উননব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর নির্দেশনা মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত খাতে অতিরিক্ত ব্যয় করা প্রয়োজন মর্মে উক্ত প্রাক্কলনে স্কীমটি বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন হেতু সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন মেরামত, সংস্কার ও রংকরণ কাজের স্কীমটি প্রাক্কলনসহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। <br> উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, চর রাজিবপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা মেরামত ও সংস্কার করার নিমিত্ত নিম্নবর্ণিত প্রকল্পসমূহে বিশেষ বরাদ্দ প্রদানের লক্ষ্যে চাহিদা বিবরণী প্রাক্কলনসহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা প্রয়োজন। <br> প্রকল্প তালিকাঃ <br> ০১। উপজেলা পরিষদের প্রধান ফটক এবং উপজেলা পরিষদের পশ্চিম ও দক্ষিণ সীমানা প্রাচীর নির্মাণ-৩৫,০০,০০০/- (পয়ত্রিশ লক্ষ) টাকা। <br> ০২। উপজেলা পরিষদের সভাকক্ষ ও অডিটরিয়ামের সৌন্দর্যবর্ধন-১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা। <br> ০৩। উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ সৌন্দর্যবর্ধন-৮,০০,০০০/- (আটলক্ষ) টাকা। <br> ০৪। উপজেলা পরিষদের কোয়ার্টার মেরামত, সংস্কার ও রংকরণ-২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা। <br> ০৫। উপজেলা পরিষদ কম্পাউন্ড সৌন্দর্যবর্ধন-৭,০০,০০০/- (সাতলক্ষ) টাকা। <br> ০৬। উপজেলা পরিষদ শিশু পার্ক সৌন্দর্যবর্ধন-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। <br> সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন মেরামত, সংস্কার ও রংকরণ =৯,০৬,৬৮৯/- (নয়লক্ষ ছয়হাজার ছয়শত উননব্বই) টাকার স্কীমটি বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। <br> ০২। চর রাজিবপুর উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা মেরামত ও সংস্কার করার নিমিত্ত বর্ণিত প্রকল্পসমূহে বিশেষ বরাদ্দ প্রদানের লক্ষ্যে চাহিদা বিবরণী প্রাক্কলনসহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিব <br> ০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে সমগ্রদেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৫টি অগভীর নলকূপ স্থাপন কাজ ঠিকাদার শুরু না করায় সমস্যা হচ্ছে। এছাড়া মানব সম্পদ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৫০ টি বাড়ী পানি সরবরাহের জন্য ওভারহেড ট্যাংক নির্মাণের কাজ চলমান রয়েছে। একই প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২২৯টি ল্যাট্রিন নির্মাণের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |

চলমান পাতা-৩



CamScanner

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অত্র হাসপাতালে ডাক্তারসহ অন্যান্য জনবল শুন্য রয়েছে। এ্যাম্বুলেন্স মেরামত করা করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শুন্য পদে জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শুন্য পদে জনবল পদায়নের জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ১০ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পবিত্র রমজান মাস উপলক্ষ্যে সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। কলকিহারা সরঃ প্রাঃ বিদ্যালয়ে সংযোগ রাস্তা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | কলকিহারা সরঃ প্রাঃ বিদ্যালয়ে সংযোগ রাস্তা নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে ৮টি ব্যাচ প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুসারে প্রশিক্ষণ চলছে। মার্চ/২৫ পর্যন্ত ৭টি ব্যাচ প্রশিক্ষণ করানো হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |

চলমান পাতা-৪



CamScanner

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তিনি বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন বছরে পাঠ্য পুস্তক (১) এবতেদায়ী পর্যায়ের বই গ্রহণ- ১০০০০, বিতরণ-১০০০০ (২) দাখিল পর্যায়ের বই গ্রহণ-৩৭৩৫৯, বিতরণ-৩৩৮৪৭ (৩) মাধ্যমিক পর্যায়ের বই গ্রহণ-৯৭০৯০, বিতরণ-৮৪৭৭৪। আসন্ন এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। রাজিবপুর সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়ের পড়া-লেখা স্বাভাবিক পরিবেশে ফিরিয়ে আনার জন্য এবং একটি গোডাউন (বই) রুমটি ফাঁকা করণের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। | মানসম্মত শিক্ষা ব্যবস্থা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে মার্চ'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। মার্চ'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। মার্চ'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, স্ট্যাপলার মেশিন, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। মার্চ'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। মার্চ'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৮ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৫। মার্চ'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২৮ দিন) =১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা।<br>০৬। উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর মার্চ'২০২৫ খ্রিঃ মাসের বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। ১৪৩১ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার আনুষঙ্গিক ব্যয় =২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত) টাকা।<br>০৮। মার্চ'২০২৫ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৯। ১৪৩১ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার দরপত্র ০৩(তিন) টি পত্রিকার বিজ্ঞাপন বাবদ ব্যয় =৭২,০৫০/- (বাহাত্তর হাজার পঞ্চাশ) টাকা।<br>১০। মার্চ'২০২৫ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ি জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার আটশত) টাকা। | ২০২৪-২৫ অর্থ বছরে মার্চ'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১১। ২০২৪-২৫ অর্থ বছরে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস'২০২৫ উদযাপনে কর্মসুচি বাস্তবায়নের ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>১২। ২০২৪-২৫ অর্থ বছরে জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ ব্যয় =২৫,০০০/- (পচিশ হাজার) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিজিএফ চাল বিতরণ চলমান রয়েছে। | স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়ন পরিষদ পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় উপস্থিত না থাকায় মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ পরিষদের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মার্চ-এপ্রিল ২০২৫ মাসে ৬৩২৭ টি সুবিধাভোগী পরিবারের মাঝে প্রতিকেজি ১৫/- টাকা দরে প্রত্যেক মাসে ৩০ কেজি হারে চাল বিক্রয় করা হবে। ফেব্রুয়ারী ২০২৫ মাসে ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ নিয়োগ কার্যক্রম স্বচ্ছতার সাথে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | মানসম্মত খাদ্য শস্য সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় উপস্থিত না থাকায় অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে নিয়মিত অফিস করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক এর শেয়ার ক্রয় করেছেন তাদের তথ্যাদি হালনাগাদ চলছে। যেটি উপজেলা কার্যালয় হতে পরিচালিত হচ্ছে। আগামী মাসে জেলা কার্যালয়ে আনসারদের ২৮ দিন মেয়াদী অত্র প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে। | স্বচ্ছতা বজায় রেখে গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পরিসংখ্যান অফিসটি মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর | উপজেলা আইসিটি অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |

১৮(১৯) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলাধীন ০৪ টি হাট-বাজার রাজিবপুর ইউনিয়নভুক্ত (০১) রাজিবপুর হাট-বাজার (০২) বালিয়ামারী হাট-বাজার, কোদালকাটি ইউনিয়নভূক্ত (০৩) কোদালকাটি হাট-বাজার ও মোহনগঞ্জ ইউনিয়নভূক্ত (০৪) নয়াচর হাট-বাজার ১৪৩২ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য অত্রাফিসের ০৯/০২/২০২৫ তারিখের ১২১ নং স্মারক পত্র মোতাবেক হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞাপন দেয়া হয়। উক্ত দরপত্র বিজ্ঞাপন অনুযায়ী ১ম দফা দরপত্র দাখিলের তারিখ ২৬/০২/২০২৫ তে প্রাপ্ত দরপত্র মোতাবেক ০২/০৩/২০২৫ তারিখ অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক কোদালকাটি ইউনিয়নের কোদালকাটি হাট-বাজারটি ইজারা প্রদান করা হয় এবং অন্যান্য হাট-বাজার ইজারা প্রদানের জন্য ২য় দফায় হাট-বাজার ইজারার দরপত্র বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪৩২ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞাপন অনুযায়ী ২য় দফা দরপত্র দাখিলের তারিখ ০৫/০৩/২০২৫ তে প্রাপ্ত দরপত্র মোতাবেক ০৫/০৩/২০২৫ তারিখ অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রাজিবপুর ইউনিয়নের রাজিবপুর হাট-বাজার ও মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাট-বাজারটি ইজারা প্রদান করা হয় এবং রাজিবপুর ইউনিয়নের বালিয়ামারী হাট-বাজারটি ইজারার জন্য ৩য় দফা দরপত্র বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪৩২ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞাপন অনুযায়ী ৩য় দফা দরপত্র দাখিলের তারিখ ১২/০৩/২০২৫ তে বালিয়ামারী হাট-বাজারের অনুকূলে কোন দরপত্র পাওয়া যায়নি বিধায়, রাজিবপুর ইউনিয়নের বালিয়ামারী হাট-বাজারটি ১৪৩২ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদান করা সম্ভব হয়নি। সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত হাটে খাস আদায় করা যেতে পারে।

চলমান পাতা-৭



CamScanner

চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, বালিয়ামারী হাট-বাজারটি অনেক পুরাতন ছোট একটি হাট। এ হাটে গরু-ছাগলের হাট বসে না। শুধমাত্র হাটের দিন মনিহারি দোকান, মাছ বাজার ও কাচাবাজারে ক্রয়-বিক্রয় হয়। ১৪৩১ বঙ্গাব্দে বালিয়ামারী হাট-বাজার ইজারা গ্রহণকারী টোল আদায় করে ইজারা মূল্যের আসল টাকা পাওয়া সম্ভব হয়নি বিধায়, ইজারাদার আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাই ১৪৩২ বঙ্গাব্দে বালিয়ামারী হাট-বাজারটি ইজারা গ্রহণের জন্য কোন প্রকার দরপত্র পাওয়া যায়নি মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। বালিয়ামারী হাট-বাজার ইজারা না হওয়ার বিষয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। রাজিবপুর ইউনিয়নের বালিয়ামারী হাট-বাজারে ১৪৩২ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত বিধি মোতাবেক খাস আদায়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০২। সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৩। সংশ্লিষ্ট কমিটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৩/২৫
(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

তারিখ ঃ ১০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-২৬৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ................................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

২৪/০৩/২৫
(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



CamScanner